

## জাতীয় চিড়িয়াখানায় জিরাফ পরিবারের নতুন অতিথি

থ্রেস রিলিজঃ ঢাকা চিড়িয়াখানার ইতিহাসে বিরল ঘটনা ঘটেছে। ঢাকা চিড়িয়াখানার ক্লিওপেট্রা নামক গর্ভবতী জিরাফ অদ্য ৫ জুন ২০১৩ তারিখ সন্ধ্যা ৬.১০ মিনিটে একটি বাচ্চা প্রসব করেছে। মোট ৪৫০ দিন গর্ভধারণ করার পর জিরাফ সাধারণত বাচ্চা দিয়ে থাকে। নিবিড় তত্ত্বাবধান ও সেবা যত্নের মাধ্যমে গর্ভধারণ থেকে বাচ্চা জন্ম পর্যন্ত চিড়িয়াখানার কর্মকর্তা ও কর্মচারীগণের অত্যন্ত ধৈর্য ও সেবা মানসিকতার প্রকাশ আজকের এই জিরাফের বাচ্চা। কেননা পৃথিবীর খুব কম সংখ্যক চিড়িয়াখানায় জিরাফের বাচ্চা জন্মের ঘটনা ঘটেছে। আর বাংলাদেশে এই প্রথম জিরাফের বাচ্চা হয়েছে। এমনকি এশিয়ার কোন চিড়িয়াখানায় জিরাফের বাচ্চা হয়েছে বলে জানা যায়নি। প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক, ডাঃ মোছাদ্দেক হোসেন শুরু থেকে শেষ পর্যন্ত উপস্থিত থেকে প্রয়োজনীয় নির্দেশনাসহ বাচ্চা প্রসবের ঘটনাটি মনিটরিং করেন। তিনি চিড়িয়াখানায় পৌছার সাথে সাথে জিরাফ শেডের ৩০০ মিটার ব্যাসার্ধের মধ্যে সকল দর্শকমুক্ত রেখে জিরাফের জন্য শান্ত ও নিবিড় পরিবেশ সৃষ্টি করেন, যা বাচ্চা প্রসবের অনুকূল অবস্থা বলে গবেষণায় প্রকাশিত হয়েছে।

বিকাল ৩.০৫ মিনিটে মা জিরাফটির প্রসব বেদনা শুরু হয় এবং ৬.১০ মিনিটে বাচ্চা, মায়ের গর্ভ থেকে মাটিতে পড়ে। মাটিতে পড়ার ৩-৪ মিনিটের মধ্যেই মা জিরাফটি বাচ্চাকে জিহ্বা দিয়ে চাটতে শুরু করে এবং তার ৫ মিনিটের মধ্যেই বাচ্চাটি স্বাভাবিকভাবে নড়াচড়া শুরু করে। আর জন্মের ১ ঘন্টা পরই বাচ্চাটি মায়ের দুধ খাওয়া শুরু করবে বলে আশা করছে কর্তৃপক্ষ।

জাতীয় চিড়িয়াখানায় জিরাফের বাচ্চা জন্মের সংবাদে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ আব্দুল লতিফ বিশ্বাস, এম.পি চিড়িয়াখানার সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। সেইসাথে মাননীয় মন্ত্রী চিড়িয়াখানার সকল দর্শকবৃন্দকে বাচ্চা প্রসবের সময় নিরবতা ও প্রাণি অবলোকন থেকে বিরত থাকার জন্য আন্তরিক ধন্যবাদ জানান।

স্বাক্ষরিত

ডাঃ মোছাদ্দেক হোসেন

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর